

সামিট কোভিড-১৯ মোকাবিলায় কর্মকর্তাদের স্বাস্থ্যসেবা চুক্তি সম্পন্ন করলো বিএসএইচ-এর সাথে



ছবি ক্যাপশন: সামিট গ্রুপ এবং বাংলাদেশ স্পেশালাইজড হসপিটালের পক্ষ থেকে যথাক্রমে লে. জে. (অব.) প্রকৌশলী আবদুল ওয়াদুদ এবং আল ইমরান চৌধুরী এই স্বাস্থ্যসেবা চুক্তিতে স্বাক্ষর করেন।

(ঢাকা) ০৭ জুলাই ২০২০, মঙ্গলবার:

বাংলাদেশের বেসরকারি খাতের শীর্ষস্থানীয় অবকাঠামো উন্নয়নকারি প্রতিষ্ঠান সামিট গ্রুপ, কোভিড-১৯ মোকাবিলার উদ্দেশ্যে বাংলাদেশ স্পেশালাইজড হসপিটালের সাথে স্বাস্থ্যসেবা চুক্তি সম্পন্ন করেছে। সামিটের ব্যবসায়িক উদ্যোগের মধ্যে রয়েছে বিদ্যুৎ উৎপাদন, টেলি-যোগাযোগ, ইন্টারনেট সেবা, জ্বালানি আমদানি এবং বন্দর ব্যবস্থাপনা। সাম্প্রতিক লকডাউনের সময় এই সেবাসমূহ বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত 'জরুরী সেবা' হিসেবে চিহ্নিত করা হয়। সামিটের কর্মকর্তারা এই সময়ে প্রয়োজনীয় সেবাসমূহ সরবরাহের জন্যে নিরলসভাবে কাজ করেছে। তাই সামিটের কর্মকর্তা ও তাদের পরিবারের চিকিৎসা সহায়তার লক্ষ্যে এই কৌশলগত স্বাস্থ্যসেবা চুক্তিটি করা হয়েছে।

সামিটের অংশীদার ও জাপানের বৃহত্তম জ্বালানি খাতের প্রতিষ্ঠান জেরা, বাংলাদেশ স্পেশালাইজড হসপিটালকে চারটি ভেন্টিলেটর এবং একটি আরটি-পিসিআর মেশিন দিয়েছে। সামিট করপোরেশন এবং সামিট হোল্ডিংস এর অঙ্গপ্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ছয় হাজারেরও অধিক।

সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “সামিটের কর্মকর্তারা আমাদের সেবা সম্পদ। আমি আনন্দিত যে আমরা আমাদের বাংলাদেশী কর্মকর্তাদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে পারছি এমন একটা সময়ে যখন কোভিড সংক্রান্ত সেবা বিশ্বে একেবারেই অপ্রতুল।”

জেরা’র প্রেসিডেন্ট সাতোশি অনোডা বলেন, “আমরা আমাদের অন্যতম মূল ব্যবসায়িক অংশীদার সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের সাথে জ্বালানি ব্যবসার মাধ্যমে বাংলাদেশের উন্নয়নে অবদান রাখছি। এই উদ্যোগের সূচনা ঘটে সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের অনুরোধে। সামিট গ্রুপ বাংলাদেশে কোভিড-১৯ মোকাবিলায় গৃহীত বিভিন্ন পদক্ষেপে সহায়তা করছে। আমি আন্তরিকভাবে বিশ্বাস করি যে সরবরাহকৃত চিকিৎসা সরঞ্জাম বাংলাদেশে কোভিড-১৯ মোকাবিলার ক্ষেত্রে সাহায্য করবে এবং এই পরিস্থিতির দ্রুত উন্নতি ঘটবে।”

উক্ত ভারুয়াল সভায় আরও উপস্থিত ছিলেন সামিট গ্রুপের ভাইস-চেয়ারম্যান মো. ফরিদ খান, মো. লতিফ খান, সামিট গ্রুপের পরিচালক আজিজা আজিজ খান, ফাদিয়া খান এবং সালমান খান, সামিট গ্রুপের উপদেষ্টা রিয়ার এডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ (অব.), সামিট কমিউনিকেশনসের এমডি এন্ড সিইও আরিফ আল ইসলাম, সামিট গাজীপুর পাওয়ারের এমডি প্রকৌশলী মোজাম্মেল হোসেন, সামিট টেকনোলজিসের এমডি আবু রেজা খান, সামিট বিবিয়ানা পাওয়ার কোম্পানীর এমডি এন্ড সিইও প্রকৌশলী এস এম নূর উদ্দিন এবং বাংলাদেশ স্পেশালাইজড হসপিটালের চেয়ারম্যান ডা. মাহবুবুর রহমান চৌধুরীসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

সামিট সম্পর্কে

সামিট বাংলাদেশের অবকাঠামো খাতের বৃহত্তম প্রতিষ্ঠান এবং বেসরকারি খাতে দেশের বৃহত্তম বিদ্যুৎ উৎপাদনকারী। দেশের হসপিটালিটি শিল্প, ফাইবার অপটিক্স, টেলিকমিউনিকেশন টাওয়ার, হাইটেক পার্ক, বন্দর ব্যবস্থাপনা, জ্বালানি তেল ইত্যাদি খাতে সামিট ব্যবসা পরিচালনা করে। ২০১৯ সালে সামিট জেরা থেকে ৩০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ গ্রহণ করে। বিস্তারিত তথ্যের জন্য: www.summitpowerinternational.com

বাংলাদেশ স্পেশালাইজড হসপিটাল লিমিটেড

বাংলাদেশ স্পেশালাইজড হসপিটাল লিমিটেড-এর বিশ্বমানের সব বৈশিষ্ট্য রয়েছে। হাসপাতালটিতে বহুমাত্রিক সেবা প্রদানের জন্য রয়েছে বিশেষজ্ঞ চিকিৎসক, প্রযুক্তি ও পরিবেশ। চিকিৎসা সেবা ও তথ্যপ্রযুক্তির মেলবন্ধনে হাসপাতালটি সমন্বিত সেবা প্রদান করে। এতে রয়েছে কাগজবিহীন চিকিৎসা সংক্রান্ত তথ্য সংরক্ষণ ব্যবস্থা। বিএসএইচ এর দক্ষ সেবিকা, টেকনোলজিস্ট এবং প্রশাসকেরা অত্যাধুনিক চিকিৎসা সরঞ্জামের সহায়তায় চিকিৎসকদের আন্তর্জাতিকমানের সেবা প্রদানের ক্ষেত্রে উপযুক্ত অবকাঠামোগত সুযোগ-সুবিধা নিশ্চিত করে। বিস্তারিত তথ্যের জন্য: www.bdspecializedhospital.com

মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫ |